# মেঘনা বুলেটিন জুন, ২০২৩: সংখ্যা: ৬৩

রেডিও মেঘনা

## আমাদের উদ্দেশ্য

রেডিও মেঘনা (উপকূলের কণ্ঠস্বর) কোস্ট ট্রাস্ট এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকুলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবণ-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাশন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র কণ্ঠস্বর বাড়াতে কাজ করে।



/radiomeghna99.0 radiomeghna.net



মৎস্যজীবি মোঃ মিরাজ মাঝির সাক্ষাৎকার নিচ্ছেন রাশিদা বেগম, স্থান: পার্চকপাট ছবি ধারণে: মৌসুমী, তারিখ: ১৪ মে ২০২৩

### ঘূর্ণিঝড় মোখা: সতর্ক অবস্থানে চরফ্যাসন উপকূলের মৎস্যজীবীরা

অতি প্রবল ঘূর্ণিঝড় মোখার প্রভাবে দ্বীপ জেলা ভোলাসহ চরফ্যাসনের মেঘনা ও তেতুঁলিয়া নদী কিছুটা উত্তাল রয়েছে। শনিবার রাত থেকে রবিবারও থেমে থেমে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি পড়েছে, তবে ঝড়ো বাতাস নেই। জেলেরা গভীর সমুদ্র থেকে উপকূলের বিভিন্ন স্থানে নিরাপদে আশ্রয় নিয়েছেন। শুক্রবার সকাল থেকে শনিবার সন্ধ্যা পর্যন্ত বিভিন্ন এলাকার সহস্রাধিক মাছ ধরা ট্রলার ভিড়েছে।

রবিবার (১৪ মে) সকাল থেকে ঝুঁকিপূর্ণ এলাকায় ঘূর্ণিঝড় আঘাত হানার খবর প্রচার করতে দেখা যায় সিপিপির স্বেচ্ছাসেবীদের। তারা মেঘনা পাড়ের বসতি এলাকা ও মাছঘাটগুলোতে হ্যান্ডমাইকে সর্তক বার্তা প্রচারের পাশাপাশি জেলেদের সাগর ও গভীর নদীতে মাছ ধরতে না যাওয়ার প্রচারণা চালিয়েছে।

নতুন সুলিজ মৎস্যঘাটের স্থানায়ীরা জানান, শুক্রবার সকাল থেকে শনিবার সন্ধ্যা পর্যন্ত মাছ ধরা নৌকা ও ট্রলারগুলো উপকূলে এসে নিরাপদে আশ্রয় নিয়েছে।

আট কপাট এর মৎস্যজীবীরা বলেন, সমুদ্র থেকে উঠে আসার মতো পরিস্থিতি এখনও ঠিক হয়নি। মোখার আগাম সতর্কতার কারণে কিনারে এসেছেন। তারা এখন জাল বুনছেন, ট্রলার মেরামত করছেন। ২০ মে থেকে শুরু হবে ৬৫ দিনের মৎস্য অবরোধ। তাই আবহাওয়া পরিস্থিতি শান্ত হলেও সমুদ্রে যাওয়ার আর সুযোগ নেই।

উপজেলা নিবার্হী কর্মকর্তা আল নোমান বলেন, মৎস্যজীবীরা এখন কেউ নদীতে নেই সবাই নিজ নিজ নিরাপদ স্থানে রয়েছে। সার্বিক পরিস্থিতি পর্যাবেক্ষণ করা হচ্ছে এবং ১ টি কনট্রোল রুম খোলা হয়েছে। ৩ হাজার ৩০০ সিপিপি স্বেচ্ছাসেবী মাঠে কাজ করছেন।

## ‘ঘূর্ণিঝড় মোখা’য় বিরতীহীণ সম্প্রচারে ছিলো রেডিও মেঘনা

উপকূলের কণ্ঠস্বর। রেডিও মেঘনা উপকূলীয় এলাকা চরফ্যাসনের মানুষের জন্য কাজ করে যাচ্ছে। রেডিও অনুষ্ঠানের মাধ্যমে উপকুলীয় প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে সামগ্রিকভাবে জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ মোকাবেলায় সমতা এবং মানবাধিকার সচেতন সক্রিয় নাগরিকত্ব গড়ে তোলার লক্ষে ‘ঘূর্ণিঝড় মোখা’য় বিরতীহীণ সম্প্রচারে ছিলো রেডিও মেঘনা।



তারই ধারবাহিকতায় গেলো (১৩ মে ২০২৩) ঘূর্ণীঝড় মোখায় টানা ৪৮ ঘন্টা চলে সম্প্রচার কার্যক্রম। রেডিও কার্যক্রমে ঘূর্ণিঝগের আগে ও পরে করনীয় এবং প্রান্তিক কৃষককে সর্তকতার লক্ষ্যে ঘূর্ণিঝড় মোখা'র প্রস্তুতি হিসেবে সকল কৃষক ভাইকে পাঁকা ও আধাঁ পাঁকা ধান ঘরে তোলার জন্য আগাম সর্তক বার্তা প্রচার করা হয়। ক্ষুদ্র মৎসজীবিরা যাতে নদী বা সাগরে না যায় সেই লক্ষে প্রচার সর্তকতা বার্তা। ‘ঘূর্ণিঝড় মোখা’ চলাকালীন সরকারি কর্মকর্তারা তাদের প্রস্তুতি সম্পর্কে, দূযোর্গ কবলিত এলাকা ও ঘূর্ণিঝড় মোখার বিভিন্ন পরিস্থিতি তুলে ধরেণ কমিউনিটি রেডিও মেঘনা ৯৯.০ এফএম এর মাধ্যমে।

ঘূর্ণিঝড়ের পরের দিন সরাসরি আশ্রয়ণ কেন্দ্রগুলোতে গিয়ে, সেখানকার সার্বিক অবস্থা তুলে ধরা হয়। এছাড়াও রেডিও মেঘনার অফিসিয়াল ফেসবুক পেজ এবং ইউটিউবেও ভিডিও আপলোড করা হয়।

## ‘সবার জন্য ইংরেজী’ অনুষ্ঠান শুনে ইংরেজী শেখার কৌশল শিখছেন বৃষ্টি আক্তার

ইংরেজী হলো আর্ন্তজাতিক ভাষা। এই জন্য ইংলিশ শিখার চেষ্টাও সবাই করে। তারপরেও অনেক শিক্ষার্থীরা ইংলিশ পড়তে, বলতে ও লিখতে বেশ দূর্বল। এই জন্যই একটু ভিন্ন ভাবে সাজানো রেডিও মেঘার বিশেষ অনুষ্ঠান “সবার জন্য ইংরেজী। জনতা বাজার এলাকার নিয়মিত শ্রোতা বৃষ্টি আক্তার (১৭)। ১০ম শ্রেণীতে পড়ুয়া বৃষ্টি রেডিওতে ‘সবার জন্য ইংরেজী’ অনুষ্ঠান শোনে **Verb** ও **Article** বিষয় জেনেছেন। বৃষ্টি আরো বলেন, আমরদের শিক্ষার্থীদের জন্য, খুবই ভালো একটা অনুষ্ঠান ‘সবার জন্য ইংরেজী। এই অনুষ্ঠানের সব চেয়ে গুরুত্বপূর্ন বিষয় হলো, মজার মাধ্যমে শিখা। যা একবার মাথায় ডুকলে আর সহজে ভুলিনা। আমরা তো সব সময় মুখস্ত করি আবার ভুলে যাই। কিন্তু একটু নাটকীয় ভাবে উপস্থাপনের কারনে, সহজেই মাথায় গেঁথে যায়। আশা করি, এই অনুষ্ঠনের পরবর্তী পর্ব খুব তাড়াতাড়ি শুনবো। শিক্ষার্থীদের জন্য এতো ভালো একটা অনুষ্ঠান প্রচার করার জন্য রেডিও মেঘনাকে অনেক অনেক ধন্যবাদ জানান বৃষ্টি।




অনুষ্ঠান সঞ্চালনায় খাদিজা বেগম, স্থান: রেডিও মেঘনা স্টেশন, ছবি ধারণে: মৌসুমী, তারিখ: ০৩ মে ২০২৩

## শিশুর পুষ্টি বিষয়ক অনুষ্ঠান শুনে সচেতন আরজু বেগম



আরজু বেগমের সাক্ষাৎকার নিচ্ছেন সুরভী, স্থান: জিন্নাগড়, ছবি ধারণে: ফারিহা বেগম, তারিখ: ২০ মে ২০২৩

শিশুর বয়স ৬ মাস পূর্ণ হওয়ার পর থেকে মায়ের দুধের পাশাপাশি বাড়তি খাবারের প্রয়োজন হয়। এ সময় প্রয়োজনীয় পুষ্টির জন্য শিশুকে ঘরে তৈরী বাড়তি খাবার (ভাত, খিচুড়ী, সুজি ইত্যাদি) দিতে হবে। ৬ মাসের পুষ্টির জন্য শিশুকে আয়রন সমৃদ্ধ খাবার (যেমন-মাছ,মাংস, ডিম, শাকসবজি, ফল-মূল ইত্যাদি) পর্যাপ্ত পরিমাণে দিতে হবে।

প্রচারিত হয়েছে শিশুদের নিয়ে রেডিও মেঘনা সচেতনতা মূলক অনুষ্ঠান “শিশু পুষ্টি”। এই অনুষ্ঠান শুনে সন্তানের খাবারের বাড়তি চাহিদা পুরুণ করতে চরফ্যাসন জিন্নগড় এলাকার গৃহিণী আরজু বেগম (৩০) নিজেই এখন ঘরে তৈরী করছে পুষ্টি সমৃদ্ধ খাবার।

তিনি জানান, আমার বড় মেয়ে প্রায় রেডিও মেঘনার অনুষ্ঠান শুনতো। সেসময় থেকে আমিও সাংসারিক কাজের ফাঁকে রেডিও মেঘনার অনুষ্ঠান শুনি। আমার কাছে পুরোদিনের গানের অনুষ্ঠান শুনতে ভালো লাগে। রেডিও মেঘনায় শিশু পুষ্টি নিয়ে একটি অনুষ্ঠান প্রচারিত হয়। এই অনুষ্ঠান শিশুর বয়স ৬ মাস পূর্ণ হওয়ার পর মায়ের দুধের পাশাপাশি বাড়তি খাবার খাওয়ানো উপকারিতা সর্ম্পকে বলে। তখন আমার ছোট সন্তানের বয়স ৭ মাস ছিলো। যদিও আগে থেকে জানতাম ৬ মাস পরে বাড়তি খাবার দিতে হয় কিন্তু জানতাম না কি ধরনের খাবার খাওয়তে হবে। এই অনুষ্ঠান থেকে জানতে পারি নিজের ঘরে থাকা শাক সবজি, ডাল, চাল দিয়ে খিচুড়ী তৈরী করে খাওয়ালে শিশুর বাড়তি চাহিদা পুরুণ করা যায়। সেই থেকে আমি প্রায় দুদিন পরপর আমার সন্তানকে ঘরে তৈরী করে খিচুড়ী খাওয়ানো শুরু করি। শুধু তাই নয় খিচুড়ি ছাড়াও খেলার ছলে মাছ, মাংস,ডিম খাওয়ানোর চেষ্টা করি। বর্তমানে আমার সন্তানের বয়স ১৮ মাস শারিরীক দিক থেকে আমার সন্তান খুব ভালো আছে।

রেডিও মেঘনা এধরনের সচেতনতা মূলক অনুষ্ঠান প্রচার করার জন্য আমি রেডিও মেঘনাকে ধন্যবাদ জানাই । আশা করি ভবিষ্যতেও রেডিও মেঘনায় এধনের গুরুত্বপূর্ণ অনুষ্ঠান আরো বেশি প্রচারিত হবে।

## রেডিও মেঘনা’র শ্রোতা মতামত

- ঘূর্ণিঝড় মোখা’র সময় সতর্ক বার্তা জেনে নিজের চাচাকে ফোন করে নদীতে যেতে নিষেধ করেন এবং নিজের পরিবারকে সতর্ক করেছেন আসলামপুর এলাকার রাসেল মাঝি।
- চরফ্যাসনে সুপারি গাছের খোল দিয়ে আসবাপত্র তৈরী হয় জেনে সুপারি খোল নষ্ট না করে এখন তা বিক্রি করবো বলে জানান জনতা বাজার এলাকার ইসরাত জাহান সুরভী।
- ফোন-ইন লাইভে গ্যাসের সিলেন্ডার বিস্ফরন প্ররিতোধে করনী সম্পর্কে জানতে চেয়েছেন এবং জানানো হয়েছে।
- গরমে তৈলাক্ত ত্বকের যত্ন সম্পর্কে জেনে, নিজের মুখের যত্ন নিচ্ছেন কলেজ পাড়ার ফাইমা।

যোগাযোগ:
উম্মে নিশি, সহকারি স্টেশন ম্যানেজার, রেডিও মেঘনা। ফোন: ০১৭০৮ ১২০৩৯০
ই-মেইল: nishi.meghna@coastbd.net কুলসুমবাগ, চরফ্যাসন, ভোলা।